

📖 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫৮৭৫

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كِتَابُ الْفَضَائِلِ وَالشَّمَائِلِ)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - মু'জিয়ার বর্ণনা

الفصل الاول (بَاب فِي الْمَعْجَزَاتِ)

আরবী

وَعَنْ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ قَالَ: رَأَيْتُ عَنْ يَمِينِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَنْ شِمَالِهِ يَوْمَ أُحُدٍ رَجُلَيْنِ عَلَيْهِمَا ثِيَابٌ بَيْضُ يُقَاتِلَانِ كَأَشَدِّ الْقِتَالِ مَا رَأَيْتُهُمَا قَبْلُ وَلَا بَعْدُ يَغْنِي جَبْرِيلَ وَمِيكَائِيلَ. مُتَّفَقٌ عَلَيْهِ

متفق عليه ، رواه البخارى (4045) و مسلم (46 / 2306)، (6004) -
(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৫৮৭৫-[৮] সা'দ ইবনু আবু ওয়াক্কাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, উহুদ যুদ্ধের দিন আমি রাসূলুল্লাহ (সা.) - এর ডানে ও বামে সাদা পোশাক পরিহিত দু'জন লোককে দেখলাম, তারা [রাসূলুল্লাহ (সা.)-এর] রক্ষার জন্য প্রচণ্ডভাবে লড়াই করছেন। ঐ দু'জনকে আমি পূর্বেও কোনদিন দেখিনি কিংবা পরেও, তারা দু'জন ছিলেন জিবরীল ও মীকায়ীল আলায়হিস সালাম। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৪০৫৪, মুসলিম ৪৬-(২৩০৬), মুসনাদে আহমাদ ১৫৩০, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ১০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীসে বর্ণনাকারী সাহাবী বলেছেন, (كَأَشَدِّ الْقِتَالِ) অর্থাৎ তারা দু'জন প্রচণ্ড লড়াই করছিল মিরকাত প্রণেতা বলেন, তারা দু'জন এমনভাবে দৃঢ়তার সাথে লড়াই করছিল যেমন শক্তিশালী সাহসী বীর পুরুষ লড়াই

করে থাকে।

উক্ত দুজনের পরিচয় দিতে গিয়ে বর্ণনাকারী বলেন, তাদের একজন হলেন জিবরীল আর অপরজন হলেন মীকাজিল আলায়হিস সালাম। (মিরকাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ সা'দ বিন আবু ওয়াক্কাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85851>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন